**চট্টগ্রাম সিটি কর্পোরেশন**

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮

**তারিখ: ১৯.১০.২০২৫**

প্রেস বিজ্ঞপ্তি

## সচেতনতাই ক্যান্সার প্রতিরোধের মূল শক্তি : মেয়র ডা. শাহাদাত হোসেন




ব্রেস্ট ক্যান্সার বিষয়ে জনগণকে সচেতন করে তোলা এখন সময়ের দাবি উল্লেখ করে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, “সুস্থ ও সচেতন নগরী গড়ে তুলতে স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধির কোনো বিকল্প নেই। প্রিভেনশন ইজ বেটার দ্যান কিউর—এই নীতিই আমাদের জীবনধারায় অন্তর্ভুক্ত করতে হবে।”রোববার (১৯ অক্টোবর ২০২৫) চান্দগাঁও শমসের পাড়াস্থ চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ অডিটোরিয়ামে আয়োজিত “ব্রেস্ট ক্যান্সার সচেতনতামূলক সেমিনার”-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

মেয়র বলেন, “অক্টোবর মাস বিশ্বব্যাপী ব্রেস্ট ক্যান্সার সচেতনতা মাস হিসেবে পালিত হচ্ছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে মেডিকেল জোনকে আমরা ‘পিংক জোন’ হিসেবে সাজিয়েছি। এটি চট্টগ্রামবাসীর জন্য নারীর স্বাস্থ্য সচেতনতার প্রতীকী উদ্যোগ।”তিনি আরো বলেন, স্তন ক্যান্সার স্ক্রিনিং এর জন্য নীতিমালা প্রণয়ন এখন সময়ের দাবি। বিশ্ব স্বাস্থ্য সংস্থার একটি গবেষণা অনুযায়ী প্রতিবছর প্রায় সাড়ে ৬ লাখ মানুষ স্তন ক্যান্সারে মারা যায়। তাই জনসাধারণের মাঝে এই রোগ সম্পর্কে সচেতনতা তৈরি খুব জরুরি। প্রাথমিক পর্যায়ে রোগ নির্ণয় ও চিকিৎসার মাধ্যমে মৃত্যু হার কমানোর জন্য সচেতনতার কোন বিকল্প নেই। তিনি বলেন, আমরা যখন শহরকে বাসযোগ্য, পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত করার কথা বলি, তখন নাগরিক সেবাকে আধুনিক ও প্রযুক্তিনির্ভর করাও জরুরি। এজন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন ‘আমাদের চট্টগ্রাম’ নামে একটি অ্যাপ তৈরি করেছে। আগামী ২১ অক্টোবর ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে এই অ্যাপের উদ্বোধন করা হবে। এই অ্যাপের মাধ্যমে নগরবাসী সহজেই নালা-নর্দমা, ম্যানহোল ঢাকনা, ডাস্টবিন বা খালের সমস্যা সংক্রান্ত ছবি আপলোড করে সরাসরি অভিযোগ জানাতে পারবেন। এতে দ্রুততম সময়ের মধ্যে সমস্যার সমাধান সম্ভব হবে এবং নাগরিক সেবা আরও কার্যকর ও জনবান্ধব হবে।”অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন চটগ্রাম ডেভেলপমেন্ট ফর এডুকেশন সোসাইটি এন্ড হেলথ্ এর ইসি কমিটির চেয়ারম্যান ডা. একেএম ফজলুল হক, ইসি সেক্রেটারী ও শিশু বিভাগের প্রধান অধ্যাপক ডা. মো. মুসলিম উদ্দিন সবুজ, চট্টগ্রাম ইন্টারন্যাশনাল ডেন্টাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. আকরাম পারভেজ চৌধুরী, গাইনী এন্ড অবস বিভাগীয় প্রধান অধ্যাপক ডা. মুসলিনা আখতার। চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজের সার্জারি বিভাগের সহকারী অধ্যাপক ডা শারমিন আকতার ও প্যাথলজি বিভাগের সহকারী অধ্যাপক ডা. তাহমিনা হোসাইন, চট্টগ্রাম ইন্টারন্যাশনাল ডেন্টাল কলেজের গর্ভনিং বডির চেয়ারম্যান ডাঃ এ টি এম রেজাউল করিম, চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ অধ্যক্ষ প্রফেসর ডাঃ টিপু সুলতানসহ প্রখ্যাত চিকিৎসকবৃন্দ, শিক্ষক ও শিক্ষার্থীরা।

## নৈতিক শিক্ষাই পারে মানুষকে সত্যিকার মানুষ হিসেবে গড়ে তুলতে : মেয়র ডা. শাহাদাত হোসেন

মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, “নৈতিক শিক্ষাই পারে মানুষকে সত্যিকার মানুষ হিসেবে গড়ে তুলতে। একজন মানুষ বড় ডাক্তার, ইঞ্জিনিয়ার বা সরকারি কর্মকর্তা হতে পারেন, কিন্তু যদি তার মধ্যে মানবিকতা ও নৈতিক মূল্যবোধ না থাকে, তবে সেই শিক্ষা অর্থহীন। রোববার (১৯ অক্টোবর ২০২৫) চট্টগ্রাম সিটি কর্পোরেশন মিউনিসিপ্যাল মডেল স্কুল এন্ড কলেজের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৫-এর পুরস্কার বিতরণ ও অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান -এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

মেয়র বলেন, “খেলার মাঠ মানুষের মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। আমি দায়িত্ব গ্রহণের পর থেকে ৪১টি ওয়ার্ডে খেলার মাঠ গড়ার উদ্যোগ নিয়েছি। ইতোমধ্যে বেশ কিছু মাঠ উদ্বোধন করেছি, বাকীগুলোও উদ্বোধনের জন্য কাজ চলছে। বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে যা নগরের ক্রীড়া উন্নয়নে নতুন দিগন্ত সৃষ্টি করেছে।”তিনি আরও বলেন, “মিউনিসিপ্যাল মডেল স্কুল চট্টগ্রামের গর্ব। এখান থেকেই আকরাম খান, আশিষ ভদ্রের মতো কৃতি ক্রীড়াবিদের জন্ম হয়েছে। শিক্ষকদের অবদান অমূল্য। পরিবার, শিক্ষক ও সমাজ—এই তিনটি উপাদান একসাথে কাজ করলে একজন শিক্ষার্থী মানুষ হিসেবে গড়ে ওঠে। তাই শিক্ষকদের প্রতি শ্রদ্ধা ও অভিভাবকদের প্রতি সম্মান প্রদর্শন অত্যন্ত গুরুত্বপূর্ণ।”নৈতিক শিক্ষার গুরুত্ব তুলে ধরে মেয়র বলেন, “আমি বড় ডাক্তার হতে পারি, কিন্তু যদি একজন গরীব রোগীকে বিনামূল্যে চিকিৎসা দিতে না পারি, তবে সেই শিক্ষা অর্থহীন। তাই আমাদের প্রয়োজন নৈতিকতা ও মানবিক মূল্যবোধভিত্তিক শিক্ষা।”ব্রেস্ট ক্যান্সার সচেতনতা বিষয়ে তিনি বলেন, “অক্টোবর মাস বিশ্বব্যাপী ব্রেস্ট ক্যান্সার সচেতনতা মাস হিসেবে পালিত হচ্ছে। আমরা চট্টগ্রাম মেডিকেল কলেজ এলাকাকে ‘পিঙ্ক জোন’ ঘোষণা করেছি এবং লিভার ক্যান্সার সচেতনতায় সবুজ রঙে সাজিয়েছি মেডিকেল কলেজ এলাকা। হেলদি, সেফ ও স্মার্ট সিটি গড়ে তোলাই এখন আমাদের মূল লক্ষ্য।”বাংলাদেশের সাংস্কৃতিক অগ্রগতিতে যুবসমাজের ভূমিকা প্রসঙ্গে মেয়র বলেন, “স্বাধীনতা, গণতন্ত্রের পাশাপাশি শিক্ষা, সাহিত্য ও সংস্কৃতিতে দেশকে এগিয়ে নিতে হবে।

দুর্নীতিমুক্ত, সমৃদ্ধশালী বাংলাদেশ গঠনে তরুণ প্রজন্মকেই নেতৃত্ব দিতে হবে।"অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চসিকের প্রধান শিক্ষা কর্মকর্তা ড. কিসিঞ্জার চাকমা, শিক্ষা কর্মকর্তা নাজমা বিনতে আমিন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহেদুল কবির চৌধুরী, অধ্যক্ষ আবু তালেব মোহাম্মদ বেলাল, প্রভাষক কানিজ ফাতেমা তুলি, প্রভাষক আবদুল হক, কোতোয়ালী থানা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জাকির হোসেন, সিআইপি হেলাল উদ্দিন, আলাউদ্দিন আলী নূরসহ শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

## রেলস্টেশনে রাস্তার উপর যত্রতত্র মালামাল রাখায় ব্যবসায়ীদের সতর্ক করলেন মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন নগরীর পুরাতন রেলস্টেশন সংলগ্ন এলাকায় রাস্তার উপর ও ফুটপাত দখল করে রাখা দোকানের মালামাল উচ্ছেদ করেন এবং দোকানদারদের সতর্ক করেন।আজ রবিবার দুপুরে মেয়র ওই এলাকায় পরিদর্শনকালে ফুটপাত ও রাস্তার উপর দোকানের মালামাল রাখায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, "একটি গ্রিন, ক্লিন, হেলদি ও সেইফ সিটি বিনির্মাণে সবাইকে এগিয়ে আসতে হবে। ফুটপাত ও রাস্তা দখল করে কোনো ব্যবসা পরিচালনা করা যাবে না।"মেয়র ডা. শাহাদাত হোসেন ব্যবসায়ীদের নির্দিষ্ট স্থানে বসে ব্যবসা পরিচালনা করার নির্দেশ দেন এবং নালা-নর্দমায় ময়লা-আবর্জনা না ফেলার জন্য সচেতনতা তৈরি করতে আহ্বান জানান।তিনি আরও বলেন, "চট্টগ্রাম শহর সবার। শহরকে পরিচ্ছন্ন রাখতে নাগরিক দায়িত্ববোধ জাগিয়ে তুলতে হবে। সিটি করপোরেশন নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান চালাচ্ছে, কিন্তু নাগরিক সচেতনতা ছাড়া টেকসই পরিবর্তন সম্ভব নয়।"

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮